# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৩৮৪

২৪/ পানীয় ও পানপাত্র (كتاب الأشربة)

পরিচ্ছেদঃ ২৪/৮. লোকেরা (শেষ যমানায়) শরাবের বিভিন্ন নামকরণ করবে

بَاب الْخَمْرِ يُسَمُّونَهَا بِغَيْرِ اسْمِهَا

আরবী

حَدَّثَنَا الْعَبَّاسُ بْنُ الْوَلِيدِ الدِّمَشْقِيُّ، حَدَّثَنَا عَبْدُ السَّلاَمِ بْنُ عَبْدِ الْقُدُّوسِ، حَدَّثَنَا ثَوْرُ بْنُ يَزِيدَ، عَنْ خَالِدِ بْنِ مَعْدَانَ، عَنْ أَبِي أُمَامَةَ الْبَاهِلِيِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " لاَ تَذْهَبُ اللَّيَالِي وَالأَيَّامُ حَتَّى تَشْرَبَ طَائِفَةٌ مِنْ أُمَّتِي الْخَمْرَ يُسَمُّونَهَا بِغَيْرِ اسْمِهَا " .

বাংলা

১/৩৩৮৪। আবূ উমামা আল-বাহিলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এমন কোন রাত এবং দিন অতিবাহিত হবে না, যখন আমার উম্মাতের কতক লোক শরাবের ভিন্ন নামকরণ করে তা পান করবে না।

## English

It was narrated from Abu Umamah Al-Bahili that the Messenger of Allah (ﷺ) said:
“Night and day will not cease until a group among my nation drinks wine, calling it by some other name.”

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। সহীহাহ ১/১৩৭, ১৩৮।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবদুস সালাম বিন আবদুল কুদ্দুস সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি মুনকার সুত্রে হাদিস বর্ণনা করেছেন। ইবনু হাজার আল-আসকালানী ও সালিহ বিন মুহাম্মাদ বলেন, তিনি দুর্বল। ইমাম যাহাবী তাকে দুর্বল হিসেবে উল্লেখ করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৪২৪,

১৮৫/৮৭ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু আবদুস সালাম বিন আবদুল কুদ্দুস এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৯১ টি শাহিদ হাদিস রয়েছে, ১৪ টি খুবই দুর্বল, ৩০ টি দুর্বল, ১৮ টি হাসান, ২৯ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ আবু দাউদ ৩৬৮৯, দারিমী ২১০০, আহমাদ ১৭৬০৭, ২১৭২৭, ২২২০০, ২২৩৯২, মুসান্নাফ আবদুর রাযযাক ১৭০৫২, ১৭০৫৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44348

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন